দৈনিক ইনকিলাব

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন
কেন্দ্র

তারিখ 15 FEB 198[illegible]
পৃষ্ঠা 1 কলাম 4

ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাংবাদিক সম্মেলন

# ডাকসু নির্বাচনে কারচুপির অভিযোগ প্রত্যাখ্যান

।। স্টাফ রিপোর্টার ।।

ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি নেতৃবৃন্দ ডাকসু নির্বাচনে কারচুপির অভিযোগ দৃঢ়ভাবে প্রত্যাখ্যান করে বিশ্বদ্যিালয়ের সার্বিক কল্যাণের লক্ষ্যে ছাত্র-ছাত্রীদেরকে আত্মঘাতি হানাহানি থেকে বিরত এবং রাজনৈতিক নেতৃবর্গকে বিশ্ববিদ্যালয়ের আভ্যন্তরীণ ব্যাপারে অযাচিত হস্তক্ষেপ থেকে নিবৃত্ত থাকার জন্য অনুরোধ জানিয়েছেন।

শেষ পৃঃ ২-এর কঃ দেখুন

## শিক্ষক সমিতি

প্রথম পৃষ্ঠার পর

গতকাল বিকেলে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লাবে এক সাংবাদিক সম্মেলনে শিক্ষক সমিতির কর্মকর্তাগণ এই আহবান জানান। সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ডঃ এম, এ, মান্নান। এই সময় সমিতির সভাপতি প্রফেসর মশিহুজ্জামান, সাবেক সভাপতি প্রফেসর কে, এম, সা'দউদ্দীনসহ অন্যান্য শিক্ষকগণও সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন। লিখিত বক্তব্যে বলা হয় যে, "শিক্ষকদের তত্ত্বাবধানে কর্মকর্তা ও কর্মচারীদের সহযোগিতায় নজীরবিহীন সুশৃংখল পরিবেশে ডাকসু এবং হল সংসদসমূহের নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। ভোট গণনার সময়ও ছাত্র সংগঠনসমূহের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। তাদের উপস্থিতিতে ব্যালট বাক্স খোলা হয়েছে এবং তাদের সামনেই শিক্ষকগণ ভোট গণনা ও ফলাফল প্রণয়ন করেছেন।